

সুরঞ্জনা ২০০৫

(উৎসর্গ- প্রেমের কবি, ভালবাসার কবি, জীবনানন্দ দাস কে)

ঘুরে এসো, সুরঞ্জনা,
বলে এসো কথা
ওই যুবকদলের সাথে।
দেখে এসো
তাদের সবাইকে,
সকলকে।

যদি খুঁজে পাও কোন দেবতা-
ঈশ্বরের কসম! পৃথিবীতে আমার চাইতে
অধিক খুশী আর কেউ হবে না;
আমি তখন মাতিয়ে তুলব
সারা পৃথিবী আচানক সব
উৎসবে, উৎসবে।
হিমালয়ের চূড়ায় ও সেদিন
নেমে আসবে বসন্ত,
গলে যাবে সব বরফ।
ফুটবে ফুল, জন্ম নিবে
সেথায় ও বৃক্ষ রাজি।
পাখিদের কণ্ঠে শোনা যাবে সেদিন
তোমার সেই দেবতারই
জয়গান।

কিন্তু যদি কোন দুর্বিপাকে
এমনটি ঘটে যায়.....

তোমার স্বপ্নের সেই দেবতার
দেখা না পাও,
তবে মন খারাপ করা একদম চলবে না।
চলে এসো, আমার কাছে।

মর্তের মানুষের সাথেই
না হয় করলে
আর ও কটা দিন একটু
বসবাস।

যাও, সুরঞ্জনা;

ঘুরে এসো,
বলে এসো কথা
ওই যুবকদলের সাথে।
দেখে এসো
তাদের সবাইকে,
সকলকে।

(সমাপ্ত)

-জাহেদ আহমদ
anondomela@yahoo.com

ফুইনম,
নিউ ইয়র্ক
০৪.১৬.২০০৫